গাংনীর বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে প্রতিবন্ধীদের মাঝে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট বাধাগ্রস্থ শিশুবিদ্যালয়ের হত দরিদ্র প্রতিবন্ধীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। আজ সোমবার বেলা ১২ টার সময় মটমুড়া ইউনিয়ন পরিষদ চত্বরে সেলাই মেশিন বিতরণ করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারি কমিশনার (ভুমি) সুখময় সরকার।

প্রধান অতিথীর বক্তব্যে সুখময় সরকার বলেন, প্রতিবন্ধীদের সমাজের বোঝা মনে না করে সাভাবিক মানুষের মত তাদের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষ করে গড়ে তুলতে পারলে তারাও সংসারের হাল ধরতে পারবে।

মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহাম্মেদ এর সভাপতিত্বে এলজি এসপি-৩ এর আওতায় মানব সম্পদ উন্নয়ন হত দরিদ্রদের মাঝে সেলাই মেশিন সরবরাহ অনুুষ্ঠানে বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের পরিচালক এনামুল হক,ইউপি সদস্য সাহাবুদ্দিনসহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্তিত ছিলেন । মোট ১৬ জনকে একটি করে সেলাই মেশিন বিতরণ করা হয়।
মেপ্র/নিজস্ব প্রতিনিধি

গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানিজিং কমিটির নির্বাচন বাতিল চেয়ে রিট

মেহেরপুরের গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে নানা অনিয়মের অভিযোগে পৃথক দুটি মামলা দায়ের করা

হয়েছে। সম্প্রতি একটি হাইকোর্ট বেঞ্চে অপরটি মেহেরপুর দেওয়ানী আদালতে মামলা দুটি দায়ের করা হয়। একটি মামলায় আদেশ দিলেও অন্য একটি মামলায় শুনানীর জন্য অপেক্ষমান রয়েছে।

বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, নানা অনিয়মের অভিযোগে তিনি মেহেরপুর দেওয়ানী আদালতে একটি মামলা দায়ের েকেছন যার নং ৩৮/১৯। মামলাটি আমলে নিয়ে কারণ দর্শানোর ও তদন্তের নির্দেশ দিয়েছে আদালত।

তিনি বলেন, নিয়মনীতিকে তোয়াক্কা না করেই বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে অবৈধ ভাবে ভোটার তালিকা করে নির্বাচন করে। মেহেরপুর দেওয়ানী ৩৮/১৯ নং মামলা সূত্রে ও বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, তিনি গত ২৮/০২/২০০২ সালে ৭৫ হাজার টাকা চাঁদা প্রদান করে আজীবন দাতা সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছি।

ইতোপূর্বে অভিভাবক সদস্য ও পরপর ৩ বার সভাপতির দায়িত্ব পালন করি। কিন্তু বিধি মালা লঙ্ঘন করে তৎকালিন দাতার সদস্য প্রয়াত আকবর আলীর নাতিন ছেলে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করে। সাবেক দাতা সদস্য’র কোন উত্তরসূরি টাকা জমা না দিলে দাতা সদস্য হতে পারবেনা এমন নিয়ম থাকলেও প্রধান শিক্ষক গোপনে সেই নিয়মকে ভঙ্গ করে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করেছে।

প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলাম খসড়া ভোটার তালিক প্রনয়ন করিবার সময় বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি প্রবিধান মালা ২০০৯ অনুসরণ না করে ষড়যন্ত্রেও মাধ্যমে মনগড়া ও নিজ পছন্দের ব্যক্তিকে ভোটার হিসেবে অন্তভুক্ত করিয়া এবং অপছন্দের ব্যক্তি ভোটার হিসেবে অন্তভুক্ত না করিয়া ভোটার তালিকা প্রনয়ন করে। এ অবৈধ কাজের প্রতিবাদ করলে প্রধান শিক্ষক ক্ষিপ্ত হয়ে মশিউর রহমান হাসানকে আজীবন দাতা সদস্য না করেই ভোটার তালিকা থেকে বাদ দিয়ে ভোটার তালিকা প্রনয়ন করেন। এছাড়া বিদ্যালয় পরিচালনা পর্ষদের মেয়াদ উর্ত্তীণের ৮০ দিন পুর্বে সকল শ্রেনীর সদস্য পদের জন্য পূথক পূথক খসড়া ভোটার তালিক প্রনয়নের বিধান থাকলেও তা করেনি প্রধান শিক্ষক মনিরুল ইসলাম। অপরদিকে বিদ্যালয় অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অভিভাবককে ভোটার তালিকায় অন্তভুক্ত করার বিধান থাকলেও প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তা করেনি। এমনকি নোটিশ বোর্ডের ভোটার তালিকা টাঙ্গানো হয়নী।

মামলার আরজিতে আরো বলা হয়েছে,প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তার পছন্দের ব্যক্তিকে ম্যানিজিং কমিটির সদস্য করার জন্য পরিকল্পিত ভাবে ৬ষ্ট শ্রেনী থেকে ১০ম শ্রেনী পর্যন্ত ৬৩ জন ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকের নাম ভোটার তালিকায় ভুলভাবে লিপিবদ্ধ করেছে। এছাড়া ২ নং বিবাদী গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার খেয়াল খুশিমত ঈদুল আজহার ছুটিতে দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকায় গত ৮ আগষ্ট তফশিলের বিজ্ঞপ্তি প্রকাশ করে।

তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র উত্তোলন ও জমা ৯,১০ ও ১১ আগষ্ট। বাছাই ১৪ আগষ্ট ও প্রত্যাহার ১৬ আগষ্ট ভোট গ্রহন ২৯ আগষ্ট। অপরদিকে ভুয়া ভোটারদের দিয়ে নির্বাচন কার অভিযোগে নির্বাচন বাতিল চেয়ে হাইকোর্টে একটি রিট করেছেন জামিরুল ইসলাম নামের এক অভিভাবক সদস্য। রিট নং ৯৯৬৫/২০১৯। রিটটি শুনানীর জন্য অফেক্ষমান রয়েছে। ১ নং বিবাদী প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলামের মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে ক্ষুদে ক্রিকেটার বাঁছাইয়ের লক্ষে কার্যক্রম শুরু

দেশব্যাপী ক্ষুদে ক্রিকেটার বাছাইয়ের লক্ষে ট্যালেন্ট হান্ট কার্যক্রম ১ম পর্ব মেহেরপুরে বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেছেন জেলা ট্যালেন্ট হান্ট কার্যক্রমের ভলেন্টিয়ারা।

আজ সোমবার বিকালে পৃথক ভাবে জেলা প্রশাসক মো: আতাউল গনি ও জেলা শিক্ষা অফিসার শাহিন আক্তারের সাথে সাক্ষাৎ করেন ভলেন্টেয়িাররা। এসময় জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের নিকট ট্যালেন্ট হান্ট কার্যক্রমের জার্সি হস্তানর করেন প্রতিনিধি দল।

ট্যলেন্ট হান্ট কার্যক্রমের আঞ্চলিক প্রতিনিধি এসএম মুজাহিদ আল মুন্নার নেতৃত্বে অন্যদের মধ্যে জেলা ভলেন্টিয়ার আতিক স্বপন,

ভলেন্টিয়ার এজেডএম তৌহিদুল আজম, শাব্বির হোসেন শিশির, আব্দুল মান্নাফ, মেহেদী হাসান শিমুল উপস্থিত ছিলেন।

জাতীয় ক্রীড়া পরিষদ ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড এ কার্যক্রম বাস্তবায়ন করছে।

বঙ্গবন্ধু বেঁচে থাকলে অনেক আগেই দেশ মালয়েশিয়া- সিঙ্গাপুরের মত হতো — জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন বলেন, বঙ্গবন্ধু যদি বেঁচে থাকতেন তাহলে অনেক আগেই আমদের দেশ মালয়েশিয়া-সিঙ্গাপুরের মত উন্নত দেশে পরিণত হতো। বাংলাদেশের উন্নয়নকে বাধাগ্রস্থ করতে অসাধু ক্ষমতা প্রয়োগের উদ্ধেশ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করা হয়েছিল।

শুক্রবার বিকালে গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বর্তমান প্রধানমন্ত্রী দেশ রতœ শেখ হাসিনা টানা তৃতীয়বারের মত ক্ষমতায় আছেন। ইতিমধ্যে আমাদের দেশে যে পরিমান উন্নয়ন হয়েছে তা বিশ্ববাসীর কাছে সপ্নের মত। কিভাবে এতা অল্প সময়েল মধ্যে বাংলাদেশ উন্নয়নের অগ্রযাত্রায় লাগামহীন ঘোড়ার মত দৌড়াচ্ছে, এ প্রশ্নের জবাব খুঁজতে বিশ্ব নেতারা এখন বাংলাদেশ সফর করে যাচ্ছে। ইতি মধ্যে বিশ্বের অনেক দেশ বাংলাদেশে ব্যবসা করার আগ্রহ প্রকাশ করছে।

প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুকে হত্যার পর যখন বিএনপি জামায়াতরা ক্ষমতায় ছিল তখন দেশ দূর্নীতিতে চ্যাম্পিয়ন হয়েছে। দেশের সম্পদ লুটেপুটে খেয়েছে। দেশের জনগন সার তেলের জন্য হাহাকার করেছে। দেশে চোর ডাকাত সন্ত্রাসের কারনে রাস্তায় বের হওয়া মুশকিল ছিল। কিন্তু এখন দেশের মানুষ শান্তিতে আছে। চোর ডাকাত বলে কিছু নেই। সেই সাথে মেহেরপুরের মানুষ এখন ২৪ ঘন্টা নির্ভয়ে রাস্তা দিয়ে চলাচল করতে পারছে। এখন আর রাত জেগে গ্রাম পাহারা করতে হয় না। গরু- ছাগল মাঠের ফসল সব কিছু পড়ে থাকলেও হাত দেওয়ার মত আর লোক নেই। আপনারা জানেন মেহেরপুরে যে উন্নয়ন হয়েছে সেই সাথে যে পরিমান বরাদ্দ আমরা পেয়েছি তা দিয়ে মেহেরপুরকে মডেল জেলা হিসেবে রুপান্তর করা হবে।

বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শাহ জামানের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, গোভিপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের ইউপি সদস্য মো. ওয়াসিম আলী, সানোয়ার হোসেন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহ সভাপতি ফুল চাদ মোল্লা, ২নং ইউপি সদস্য শরিফুদ্দিন।

জনসভার মঞ্চে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুস সামাম বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাস, আমঝুপি ইউপি চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু, মহাজনপুর ইউপি চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল আনাম বকুল, জেলা আওয়ামী লীগের ও জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা, জেলা যুবলী গের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমুখ ।

অনুষ্ঠঅন সঞ্চালনা করেন জেলা আওয়ামীলীগের উপ প্রচার সম্পাদক শ্বাশত নিপ্পন।

মেহেরপুরে বঙ্গবন্ধু অনুর্দ্ধ ১৭ ফুটবল টুর্নামেন্টে সদর উপজেলা ফাইনালে

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় অনুদ্ধ ১৭ ফুটবল টুর্নামেন্টের জেলা পর্যায়ের খেলায় সদর উপজেলা জয়লাভ করেছে।
বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় সদর উপজেলা ৩-০ গোলে পৌর একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে শিমুল, মুস্তাফিজ ও মহাব্বত ১টি করে গোল করেন। সদর উপজেলা দল আগামি শনিবার ফাইনালে গাংনী উপজেলা দলের সাথে খেলবে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ৩৫০ কেভিএ বিদ্যুৎ এর সাব ষ্টেশন নির্মান

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শিক্ষা ও প্রকৌশলী অধিদপ্তরের যৌথ্য উদ্যোগে মেহেরপুর সরকারী কলেজে ৩৫০ কেভিএ বিদ্যুৎ এর সাব ষ্টেশন নির্মান কাজের নাম ফলক উম্মোচন করা হয়েছে।
বৃহস্পতিবার মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ সফিউল ইসলাম সরদার নাম ফলক উম্মোচন করেন। পরে সেখানে মোনাজাত করা হয়। এ সময় সহযোগি অধ্যাপক ফুয়াদ খান, খসরু ইসলাম, খেজমত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।
প্রায় ৫৫ লক্ষ টাকা ব্যায়ে মেহেরপুর সরকারী কলেজে বিদ্যুৎ এর ৩৫০ কেভিএ সাষ্টেশন নির্মান করা হবে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত মামলায় পিতা পুত্রের জেল

জমিজমা সংক্রান্ত বিরোধ মামলায় পিতা কাবিল উদ্দীন ও তার পুত্র লাল্টুকে ২ বছরের কারাদন্ড দিয়েছে আদালত।
শনিবার দুপুরের দিকে মেহেরপুর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক শিরিন নাহার এ রায় দেন। সাজাপ্রাপ্ত কাবিল মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের পরান মন্ডলের ছেলে এবং লাল্টু কাবিল উদ্দীনের ছেলে।
২০১২ সালে জমি সংক্রান্ত বিষয় নিয়ে প্রতিবেশী শহিদুল ইসলামের সাথে সংঘর্ষ হয়। ঐ ঘটনায় শহিদুল ইসলাম বাদী হয়ে মামলা দায়ের করে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের আমঝুপিতে পিতা পুত্রকে কুপিয়ে জখম

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে পিতা পুত্রকে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা। আহতরা হলেন,আমঝুপি মধ্য পাড়ার আব্দুল করিমের ছেলে শরিফ ও শরিফের ছেলে পলাশ। বর্তমানে তারা মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।
এলাবাসীরা জানায়, উভয়ের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এটা পূর্বের দ্বন্দের জের।

আহত শরিফ বলেন, আমরা দু’জনে বাড়ি থেকে মাঠে যাওয়ার উদ্দেশ্যে বের হলে অপরদিক থেকে আসা এনায়েত মাস্টারের ছেলে হাসান ও তার ভাই খোকন আমাদেরকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপাতে থাকে। রক্তাক্ত অবস্থায় গ্রামের লোকজন উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে

পাঠায়।

আমঝুপি প্রতিনিধি

মেহেরপুরে তূর্য ‘স’ মিলের মালিককে ৫হাজার টাকা জরিমানা

লাইসেন্স না থাকায় মেহেরপুরের কাথুলি মোড়ের তূর্য ‘স’ মিলের মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সহকারি কমিশনার মো: রাকিবুল ইসলাম এ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমান আদালত সূত্রে জানা গেছে, করাত কল লাইসেন্স না থাকার অপরাধে তূর্য ‘স’ মিলের পরিচালক মোঃ মিঠুকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়াও করাত কলের লাইসেন্স সংক্রান্ত যাবতীয কাগজ পত্র জমাদানের জন্য দশ দিনের সময় প্রদান করা হয়। এ সময় মেহেরপুর বনবিভাগের ভার-প্রাপ্ত কর্মকর্তা মোঃ জাফর উল্লাহ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

চার হাত এক করায় কাজ গনি ঘটকের

এলাকার তিনশ ছেলে মেয়েকে বিবাহ বন্ধনে আবদ্ধ করার মাধ্যম হিসেবে কাজ করেছেন আব্দুল গনি। যে মাধ্যমকে আমরা আঞ্চলিক ভাবে ঘটক বলে থাকি। আব্দুল গনি মেহেরপুরের জেলার গাংনী উপজেলার ষোল টাকা গ্রামের মৃত সমেশ আলী জোয়াদ্দার এর বড় ছেলে।

তিনি প্রায় পচিশ বৎসর যাবৎ ঘটক তালি পেশায় নিয়োজিত আছেন। বিয়ে

দিয়েছেন ডাক্তার, শিক্ষক, পুলিশ অফিসার,ইঞ্জিনিয়ার ও বিভিন্ন সরকারি দপÍরের উচ্চপদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন পেশার ছেলে মেয়েদের।

আব্দুল গনি বলেন- মেহেরপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়াসহ সারাদেশে এ যাবৎ পর্যন্ত প্রায় তিনশ জন মুসলিম ছেলেমেয়ের বিবাহ সম্পন্ন করেছি। এসব ছেলেমেয়েদের মধ্যে নব্বই ভাগই উচ্চশিক্ষিত।

স্থানীয়রা জানান, আব্দুল গনির ঘটকতালিতে আশে পাশের অনেক গ্রামের বহু যুবক-যুবতি বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছে। তাহার বিবাহ সম্পন্ন নব দম্পতি নিরানব্বই ভাগই সুখে সংসার জীবনে আবদ্ধ রয়েছে। আব্দুল গনি ঘটকের দেয়া বিবাহ জীবনে, নব দম্পতির সংসারে বিবাহ বিচ্ছেদের ঘটনা ঘটেছে এমন কোনো তথ্য আমরা পাই নাই।

দৌলতপুর উপজেলার শিক্ষক রেজাউল ইসলাম বলেন- আমার মেয়ে একজন উপজেলা সমাজসেবা অফিসার। তার বিবাহের জন্য উপযুক্ত পাত্রের সন্ধান করছিলাম। তখন আমি পরিচিত লোকের মাধ্যমে আব্দুল গনি ঘটকের মোবাইল নাম্বার পাই।

তারপর তার সাথে যোগাযোগ করে আব্দুল গনি ঘটকের মাধ্যমে আমার মেয়ের সাথে গাংনী উপজেলার বামন্দি গ্রামে গনি বিশ্বাসের ছেলে জুয়েল রানা পেশায় কম্পিউটার ইঞ্জিনিয়ার তার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বর্তমানে তাদের দাম্পত্য জীবনে সুখেই চলছে ।
ষোল টাকা গ্রামের ইউপি সদস্য ময়নাল হক বলেন, আমি অনেক দিন থেকে গনিকে ঘটক তালি করিতে দেখছি।

আমার জানা মতে এলাকার শত শত ছেলে মেয়ের বিয়ে দিয়েছেন। তার আর কোন কাজ নেই সকাল থেকে সন্ধা পর্যন্ত জেলার বিভিন্ন গ্রামে ঘটকতালি করে বেড়ান।

বামন্দি ইউপি চেয়ারম্যান শহীদুল বিশ্বাস বলেন, আব্দুল গনি ঘটক অনেক ভালো মানুষ। আমার পরিবারের অনেক বিবাহ দিয়েছেন । এই কাজের জন্য তার কোন টাকা দাবি থাকে না । ছেলে পক্ষ – মেয়ে পক্ষ খুশি হয়ে যা দেন তাই নিয়ে থাকেন।

নিজস্ব প্রতিনিধি